Equity Share Capital	3500.00	3500.00	3500.00	3500.00
Other Equity (excluding Revaluation Reserve as shown in the Balance Sheet of previous year)*	1042.40	1025.40	-	-
Earnings Per Share (before extraordinary items) (of Rs. 10/- each)				
Basic:	0.5	0.67	-2.65	-1.75
Diluted:	0.5	0.67	-2.65	-1.75
Earnings Per Share (after extraordinary items) (of Rs. 10/- each)				
Basic:	0.5	0.67	-2.65	-1.75
Diluted:	0.5	0.67	-2.65	-1.75

Extract of Consolidated Audited Financial Results for the Quarter and Financial Year ended 31st March 2020

(Rs. In Lacs)

Particulars	Current Year Ended 31st March, 2020 (Audited)	Previous Year ended 31st March 2019 (Audited)	Current Quarter Ended 31st March, 2020 (Audited)	Previous Year Quarter ended 31st March 2019 (Audited)
Total income from operations (net)	19,031.86	33.802.25	2223.60	9044.85
Net Profit / (Loss) from ordinary activities after tax	35.19	510.78	-1199.33	-1051.23
Net Profit / (Loss) for the period after tax (after Extraordinary items)	35.19	510.78	-1199.33	-1051.23
Total Comprehensive Income for the period [Comprising Profit / (Loss) for the period(after tax) and Other Comprehensive Income (after tax)]	-	-	-	-
Equity Share Capital	3500.00	3500.00	3500.00	3500.00
Other Equity (excluding Revaluation Reserve as shown in the Balance Sheet of previous year)*	2978.76	2259.00		-
Earnings Per Share (before extraordinary items) (of Rs. 10/- each)				
Basic:	0.08	1.42	-3.08	-2.99
Diluted:	0.08	1.42	-3.08	-2.99
Earnings Per Share (after extraordinary items) (of Rs. 10/- each)				
Basic:	0.08	1.42	-3.08	-2.99
Diluted:	0.08	1.42	-3.08	-2.99

Note: - The above is an extract of the detailed format of Quarterly / Annual Financial Results filed with the Stock Exchanges under Regulation 33 of the SEBI (Listing and Other Disclosure Requirements) Regulations, 2015 and SEBI Circular dated 5th July, 2016. The full format of the Quarterly/Annual Financial Results are available on the Stock Exchange websites. URL- https://www.bseindia.com/xml-data/corpfiling/AttachLive/63e966a7-29c0-41a4-aa2e-4ee775d3cf54.pdf & On Company's Website: http://whiteorganicagro.com/investor_relations.html
- The above audited financial results were reviewed by the Audit Committee and approved and taken on record by the Board at their meeting held on July 31, 2020.
- This statement has been prepared in accordance with the companies (Indian Accounting Standards) Rules, 2015 (Ind AS) prescribed under section 133 of the companies Act,2013 and other recognised accounting practices and policies to the extent applicable.
- Exceptional items adjusted in the Statement of Profit and Loss in accordance with Ind-AS Rules

By and on behalf of the Board of Directors
For White Organic Agro Limited
Sd/-
Darshak Rupani
Managing Director

DIN: 03121939
30-Jul-20

নিম্নচাপের মেঘে বুধ, বৃহস্পতিবার বৃষ্টি, উপকূলে ভারী



সেন্ট্রাল অ্যাভিনিউতে। ছবি: বিজয় সেনগুপ্ত

আজকালের প্রতিবেদন

ঝমঝম বৃষ্টিতে ভিজল কলকাতা–সহ উপকূলের জেলাগুলো। বঙ্গোপসাগরে দানা বাঁধছে নিম্নচাপ। এর প্রভাবে আজ, বুধবার দক্ষিণবঙ্গে জুড়ে বৃষ্টি হবে। উপকূলের জেলাগুলিতে হতে পারে ভারী বৃষ্টি। বৃহস্পতিবার ভারী বৃষ্টির সম্ভাবনা পশ্চিমের জেলাগুলিতে। অন্য জেলাগুলিতেও বৃষ্টি ঝরবে। উপকূলে ঝোড়ো হওয়া বইবে। তাই মৎস্যজীবীদের বুধ, বৃহস্পতিবার বঙ্গোপসাগরে মাছ ধরতে যেতে নিষেধ করা হয়েছে।

গত কয়েকদিন মাঝেমধ্যে বৃষ্টি ঝরলেও গরম কমছিল না। মঙ্গলবার সকালে আকাশ মেঘে ঢাকতে শুরু করে। দুপুরের পর কলকাতা–সহ বিভিন্ন জেলায় মুষলধারায় বৃষ্টি শুরু হয়। উপকূলের কোথাও কোথাও এক পশলা ভারী বৃষ্টি হয়।

আবহাওয়া দপ্তর জানিয়েছে, উত্তর বঙ্গোপসাগরে একটি নিম্নচাপ দানা বাঁধতে শুরু করেছে। বুধবার সেটি নিম্নচাপে পরিণত হবে। এর প্রভাব দক্ষিণ ২৪ পরগনা, দুই মেদিনীপুর, হাওড়া, হুগলি, কলকাতা, ঝাড়গ্রাম, পুরুলিয়া, বাঁকুড়া, দুই বর্ধমানের কোথাও কোথাও ভারী বৃষ্টির সম্ভাবনা রয়েছে। দক্ষিণবঙ্গের অন্যত্র হালকা থেকে মাঝারি বৃষ্টি হবে। দানা বাঁধার ২৪ ঘণ্টা পর নিম্নচাপটি শক্তি বাড়ানোর পাশাপাশি পশ্চিম দিকে বাঁক নেবে। ফলে বৃহস্পতিবার ঝাড়গ্রাম, পুরুলিয়া, বাঁকুড়া, পশ্চিম মেদিনীপুরে ভারী বৃষ্টি হবে। অন্যত্র হালকা থেকে মাঝারি। শুক্রবার বৃষ্টির পরিমাণ কমতে পারে। বৃষ্টি ঝরবে উত্তরবঙ্গেও। টানা বৃষ্টির কারণে তাপমাত্রাও বেশ খানিকটা কমে যাবে।

এবার বর্ষার শুরু থেকেই জমিয়ে বৃষ্টি হচ্ছে। আগস্টে অবশ্য পরিমাণ কমেছে। আবহাওয়া দপ্তর জানিয়েছে, এর কারণ নিম্নচাপের অভাব। গত দু'তিন সপ্তাহে বঙ্গোপসাগরে যে কটি নিম্নচাপ দানা বেঁধেছিল সবই হয় ওডিশার দিকে সরে গেছে, নয়তো শক্তি হারিয়েছে। এই সময়ে যা বৃষ্টি হয়েছে, তা বর্ষার স্বাভাবিক। ফলে টানা কয়েকদিন ঝমঝম বৃষ্টি এখনও উপভোগ করা যায়নি।



হলুদ বিন

আজকালের প্রতিবেদন

'ব্যবহার করা পিপিই পোশাক, মাস্ক, গ্লাভস শুধুমাত্র নির্দিষ্ট হলুদ বিনেই ফেলুন।' মঙ্গলবার শহরবাসীর কাছে এই আবেদন জানালেন পুর প্রধান প্রশাসক ফিরহাদ হাকিম। তিনি জানান, নিজেদের সুরক্ষিত রাখতে এবং সাফাইকর্মীদের নিরাপত্তার কথা মাথায় রেখে নির্ধারিত হলুদ বিনেই ব্যবহৃত পিপিই, মাস্ক, গ্লাভস ফেলতে হবে। শহরের বেশ কয়েকটি জায়গায় ইতিমধ্যে বসানো হয়েছে হলুদ বিন। যেখানে শুধুমাত্র এইসব বর্জ্য ফেলা যাবে। রাস্তার ধারে যেখানে–সেখানে এই সব বর্জ্য ফেলে অহেতুক বিপদ ডেকে আনা হচ্ছে। সাফাইকর্মীরা শহর পরিষ্কার করতে গিয়ে ওই মাস্ক তুলে নিজের জীবন বিপদে ফেলছেন। তাঁরা আক্রান্ত হলে পরিষেবা বন্ধ হয়ে যাবে। তাই সবাইকেই সতর্ক থাকতে হবে।

বিশ্বমানের পাঠ্যক্রম চালু করল সিএমএ



ইন্টারমিডিয়েট পড়ুয়াদের আগস্ট, ২০২০ ব্যাচ থেকেই পাঠ্যক্রমে 'ওয়ার্ল্ড ক্লাস এমপ্লয়েবিলিটি অ্যান্ড টেকনো–স্কিল ডেভেলপমেন্ট ট্রেনিং প্রোগ্রাম' অন্তর্ভুক্ত করছে ইনস্টিটিউট অফ কস্ট অ্যাকাউন্ট্যান্টস অফ ইন্ডিয়া। প্রতিষ্ঠানের প্রেসিডেন্ট সিএমএ বলবিন্দর সিং জানিয়েছেন, 'বিশ্বজোড়া চ্যালেঞ্জের মোকাবিলার পাশাপাশি ভবিষ্যতের জন্য প্রস্তুত পেশাদার গড়ার লক্ষ্য নিয়ে সিএমএ কোর্সের মধ্যে ইন্টারমিডিয়েট পড়ুয়াদের জন্য স্যাপ ফিনান্স পাওয়ার ইউজার কোর্স ও সার্টিফিকেশন, মাইক্রোসফ্‌ট সার্টিফিকেশন, কেমব্রিজ ইউনিভার্সিটি সার্টিফিকেশন এবং ই-ফাইলিংয়ের মতো বিবিধ বিশ্বমানের নিয়োগ–উপযোগী টেকনো–স্কিল ট্রেনিং ফেসিলিটি অন্তর্ভুক্ত করা হচ্ছে।' উল্লেখ্য, সিএমএ কোর্সের আগস্ট ব্যাচে ভর্তি শুরু হয়েছে ১১ আগস্ট থেকেই। বিশদ তথ্য দেওয়া আছে এই ওয়েবসাইটে: www.icmai.in।

যাদবপুরের 'মোবাইল ব্যাঙ্ক' : আর্থিক সাহায্য চেয়ে আবেদন

আজকালের প্রতিবেদন

অনলাইনে পঠনপাঠন শুরুর জন্য ইতিমধ্যেই 'মোবাইল ব্যাঙ্ক' তৈরির সিদ্ধান্ত নিয়েছে যাদবপুর বিশ্ববিদ্যালয়। যা গড়ে তুলতে তহবিল গঠনের সিদ্ধান্তও নেওয়া হয়েছে। এবার এই তহবিলে আর্থিক সাহায্য করার জন্য শিক্ষক এবং পেনশন প্রাপক ছাড়াও অভিভাবকদের কাছে আবেদন জানাল বিশ্ববিদ্যালয়। বিশ্ববিদ্যালয়ের সঙ্গে জড়িত যে কোনও ব্যক্তিও এই তহবিলে ইচ্ছে করলে টাকা দিতে পারেন। শিক্ষক এবং পেনশনপ্রাপকদের অনুরোধ করা হয়েছে, ইচ্ছে করলে তাঁরা একদিনের বেতন বা পেনশন দান করতে পারেন। কেউ চাইলে তার বেশিও দিতে পারেন। এ ব্যাপারে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে যাবতীয় তথ্য সমেত বিজ্ঞপ্তি দেওয়া হয়েছে। বিশ্ববিদ্যালয়ের এমন অনেক পড়ুয়া আছে, যাদের স্মার্টফোন নেই। এমনও অনেকে আছে যাদের কাছে স্মার্টফোন থাকলেও দ্রুতগতি সম্পন্ন ইন্টারনেট সংযোগ নেই। এই পড়ুয়াদের মোবাইল ডেটা–সহ স্মার্টফোন, দ্রুত ইন্টারনেট সংযোগ ইত্যাদি দেওয়ার জন্য খরচ হবে ৪০ লক্ষ টাকা। ইতিমধ্যেই এর জন্য আর্থিক সাহায্য চেয়ে রাজ্য সরকার, বিভিন্ন বণিকসভা এবং প্রাক্তনী সংসদকে চিঠি লিখেছেন উপাচার্য সুরঞ্জন দাস।

লকডাউনে কলম্বিয়ায় আটকে বাঙালি পর্যটক, পাশে অ্যাডভেঞ্চারপ্রেমীরা

মলয় সিন্‌হা

ভ্রমণের নেশায় বুঁদ কলকাতার ঢাকুরিয়ার সাইক্লিস্ট অনির্বাণ আচার্য। ২০১৯–এর জুলাই মাসে সাইকেলকে সঙ্গী করে আমেরিকা পাড়ি দিয়েছিলেন। স্বপ্ন ছিল, সাইকেলে উত্তর আমেরিকা ঘুরে দক্ষিণ আমেরিকা হয়ে চলে যাবেন পৃথিবীর দক্ষিণতম বিন্দু আন্টার্কটিকায়। উত্তর আমেরিকা হয়ে পাড়ি দিয়েছিলেন দক্ষিণ আমেরিকার কলম্বিয়ায়। কলম্বিয়া থেকে আমাজনের জঙ্গল পেরিয়ে পৌঁছোনোর কথা ছিল পেরুতে। কিন্তু বিধি বাম। মার্চ মাস থেকে করোনার ত্রাস ঠেকাতে গোটা বিশ্বের বেশির ভাগ দেশেই শুরু হয় লকডাউন। এর থেকে বাদ নেই লাতিন আমেরিকা। এই পরিস্থিতিতে আটকে পড়েন এই বাঙালি ভূ–পর্যটক। লকডাউন থেকেই কলম্বিয়ার প্রত্যন্ত গ্রাম সান–আগুস্তিনে এক চাষির বাড়িই তাঁর ঠিকানা এখন। আর্থিকভাবেও ক্ষতিগ্রস্ত তিনি। এই পরিস্থিতিতে আনির্বাণের পাশে দাঁড়িয়েছেন বাংলার অ্যাডভেঞ্চারপ্রেমীরা।

কলম্বিয়াতে করোনায় আক্রান্ত সাড়ে ৪ লাখের বেশি মানুষ। মৃত্যু হয়েছে ১৫০৯৭ জনের। কলম্বিয়া, পেরু দুই সরকারই সাবধানতা অবলম্বন করতে সীমান্ত বন্ধ করে দিয়েছে অনির্দিষ্টকালের জন্য। ফলে অনির্বাণ পরিস্থিতি স্বাভাবিক না হাওয়া পর্যন্ত বেরোতে পারবেন না। এই পরিস্থিতিতে আর্থিকভাবে পাশে দাঁড়ানোর জন্য এগিয়ে এলেন অ্যাডভেঞ্চার অ্যাথলিট চন্দন বিশ্বাস ও অভিষেক তুঙ্গ। এই নিয়ে চন্দন বিশ্বাস জানালেন, 'প্রচুর টাকা পয়সা বা আর্থিক সুরক্ষা নিয়ে অনির্বাণ অ্যাডভেঞ্চার ভ্রমণে যায়নি। দৈনিক খরচের জন্য রাস্তায় নানা লোকজন, ছাত্রছাত্রীদের নিজের ভ্রমণের অভিজ্ঞতা, গল্প শুনিয়ে কিছু ব্যবস্থাও করে নেয়। কিন্তু লকডাউনে আটকে থাকায় অনির্বাণ সেই ব্যবস্থাও করে উঠতে পারছে না।' তিনি আরও জানান, 'আমরা যারা অ্যাডভেঞ্চারপ্রেমী, অজানাকে জানতে অনির্বাণদার মতো মানুষের কাছে গল্প শোনার অপেক্ষায় আছি। ওয়েবিনারের মাধ্যমে সরাসরি কথোপকথনের ব্যবস্থা করা হয়েছে। এর জন্য প্রত্যেক অংশগ্রহণকারীদের টিকিট কাটতে হবে। সর্বনিম্ন ১৫০ টাকা। এরপর স্ব–ইচ্ছায় খুশিমতো আর্থিক সহযোগিতা করতে পারেন। যা টাকা উঠবে, পুরোটাই পাঠিয়ে দেওয়া হবে। প্রয়োজনে আগামী দিনেও পাশে থাকব।' নিজের অ্যাডভেঞ্চার ভ্রমণ নিয়ে অনির্বাণ জানান, 'গত বছর জুলাই মাসে সানফ্রান্সিসকো থেকে সাইকেল চালানো শুরু। ইতিমধ্যে ৪৫০০ কিলোমিটারের বেশি পাড়ি দিয়েছি। পরিস্থিতি একটু স্বাভাবিক হলে কলম্বিয়ার রাজধানী বোগোটাতে পৌঁছোব। ওখানে যোগাযোগ ব্যবস্থা ভাল।' ঢাকুরিয়ার বাড়ি থেকে দাদা অরিন্দম আচার্য জানালেন, 'গত বছরে ওর এই দুঃসাহসিক যাত্রা শুরু করে। চন্দনবাবুদের উদ্যোগকে সাধুবাদ জানাই।' এটাই প্রথম নয়। এর আগে দেশের বিভিন্ন প্রান্তের পাশাপাশি বাংলাদেশ– সহ দক্ষিণ–পূর্ব এশিয়ার মায়ানমার, থাইল্যান্ড, লাওস, কম্বোডিয়া এবং ভিয়েতনামে সাইকেলে ঘুরেছেন অনির্বাণ আচার্য।

আরও খবর

ভার্চুয়াল জনগণমন

ভার্চুয়াল জনগণমন। প্রসার ভারতীর উদ্যোগে, গুগ্‌লের প্রযুক্তিগত সহযোগিতায় এবং বিশিষ্ট চিত্রপরিচালক ভারতবালা ও তাঁর ভার্চুয়াল ভারত টিমের নেতৃত্বে কম্পোজ–করা জাতীয় সঙ্গীত। দেশের ৭৪তম স্বাধীনতা দিবসে প্রচারিত হয়েছে দূরদর্শন, গুগ্‌ল সার্চ ও ইউটিউবে। অরুণাচলের পাহাড় থেকে রাজস্থানের থর মরুভূমি, দেশের সব প্রান্তের আমন্ত্রিত নাগরিকেরা গলা মিলিয়েছেন এই ভার্চুয়াল জাতীয় সঙ্গীতে। এর পর সবগুলি কণ্ঠস্বর জুড়ে তাতে সিনেম্যাটিক এফেক্ট দিয়েছেন ভারতবালা ও তাঁর টিম। এ কাজে ব্যবহার করা হয়েছে গুগ্‌লের আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স প্রযুক্তি। সব মিলিয়ে ভার্চুয়াল জাতীয় সঙ্গীত তৈরি করেছে দারুণ একটা আবেগ, যা ফুটিয়ে তুলেছে প্রকৃত ভারতীয়ত্বকে।

নতুন ওষুধ

এ দেশে কনজেস্টিভ হার্ট ফেলিওর রোগের প্রকোপ বাড়ছে। সেই রোগের চিকিৎসায় নতুন ওষুধ ডাপাগলিফ্লোজিন। ব্যবহারের অনুমোদন দিল ড্রাগ কন্ট্রোলার জেনারেল অফ ইন্ডিয়া। এই ওষুধে হার্ট ফেলিওরে হাসপাতালে ভর্তি এবং মৃত্যুর সংখ্যা উল্লেখযোগ্য ভাবে কমে। পরীক্ষায় প্রমাণিত। এর আগে মে মাসে ইউএস ফুড অ্যান্ড ড্রাগ অ্যাডমিনিস্ট্রেশন এই ওষুধের অনুমোদন দিয়েছিল।

আজকাল
কর্মখালি/ ব্যবসা/বাণিজ্য/ হারানো/প্রাপ্তি ইত্যাদি বিজ্ঞাপন
১২টি শব্দ ২৫০ টাকা
অতিরিক্ত শব্দ ১৮ টাকা

প্রকাশ্য বিজ্ঞপ্তি

খড়্গপুর-টাটা শাখায় নিম্নোক্ত 'সি' ক্লাস প্রহরীযুক্ত ইন্টারলকড্‌ ট্রাফিক লেভেল ক্রসিং অবিলম্বে স্থায়ীরূপে বন্ধ হবে।

এল.সি. নং	অবস্থান/কিমি. পোস্ট	স্টেশনের মধ্যে
৯১	১৬৮/১৭-১৯	গিধনী ইয়ার্ড

ডিভিশনাল রেলওয়ে ম্যানেজার/ইঞ্জি.
দক্ষিণ পূর্ব রেলওয়ে, খড়্গপুর
PR-218
দক্ষিণ পূর্ব রেলওয়ে
প্রসন্নচিত্তে রেল পরিষেবা

ফর্ম নং আইএনসি–২৬
কেন্দ্রীয় সরকার, রিজিওনাল ডিরেক্টর, ইস্টার্ন রিজিয়ন, কর্পোরেট বিষয়ক মন্ত্রক, কলকাতা
সমীপে কোম্পানি আইন, ২০১৩–র ১৩ ধারার (৪) উপধারা অনুসারে এবং কোম্পানিজ (ইনকর্পোরেশন) রুলস, ২০১৪–র রুল ৩০–এর সাব রুল (৫) উপধারায় ক্লজ (এ) অনুসারে;
এবং
নিম্নোক্ত সম্পর্কে: মেঃ আলফাগ্রেপ সিকিউরিটিজ প্রাইভেট লিমিটেড, রেজিস্টার্ড অফিস: ২ নং ব্র্যাবোর্ন রোড, ৮ম তল, কলকাতা–৭০০ ০০১, পশ্চিমবঙ্গ।
...আবেদনকারী
এতদ্দ্বারা জনসাধারণের প্রতি বিজ্ঞপ্তি জারি করা হচ্ছে যে, **'পশ্চিমবঙ্গ রাজ্য' থেকে 'গুজরাট রাজ্যে'** রেজিস্টার্ড অফিস স্থানান্তরের উদ্দেশ্যে ১৬ জুন, ২০২০ তারিখে অনুষ্ঠিত বিশেষ সাধারণ সভায় গৃহীত বিশেষ প্রস্তাব অনুযায়ী কোম্পানির সঙ্ঘস্মারকের রদবদলের অনুমোদন প্রার্থনা করে কোম্পানিজ অ্যাক্ট, ২০১৩–এর ১৩ ধারা অনুসারে কেন্দ্রীয় সরকারের কাছে সংশ্লিষ্ট কোম্পানি একটি আবেদন করার প্রস্তাব করেছে।
কোম্পানির রেজিস্টার্ড অফিসের প্রস্তাবিত পরিবর্তনের ফলে স্বার্থ ক্ষুণ্ণ হওয়ার সম্ভাবনা আছে এমন কোনও ব্যক্তি এই বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ থেকে ১৪ (চোদ্দো) দিনের মধ্যে এমসিএ–২১ পোর্টাল (www.mca.gov.in)–এ ইনভেস্টর কমপ্লেইন্ট ফর্ম পূরণ করে অথবা ডাকযোগে রিজিওনাল ডিরেক্টর, ইস্টার্ন রিজিয়ন, ২৩৪/৪, আচার্য জগদীশচন্দ্র বোস রোড, নিজাম প্যালেস, II–এমএসও বিল্ডিং, ৪র্থ তল, কলকাতা–৭০০ ০২০–এর কাছে তাঁর/তাঁদের (স্ত্রী/পুং) স্বার্থের ধরন এবং বিরোধিতার কারণ উল্লেখ করে একটি হলফনামা দ্বারা সমর্থিত আপত্তিসমূহ পাঠাতে পারেন, তৎসহ ওপরে বর্ণিত ঠিকানায় অবস্থিত অফিসে আবেদনকারী কোম্পানির কাছেও একটি কপি পাঠাতে পারেন।
আবেদনকারী
আলফাগ্রেপ সিকিউরিটিজ প্রাইভেট লিমিটেড–এর পক্ষে,
স্বাঃ (মোহিত রাজেশ মুতরেজা)
ম্যানেজিং ডিরেক্টর
স্থান: কলকাতা
তারিখ: ১৯.০৮.২০২০
DIN: 02666018

খাদিম ইন্ডিয়া লিমিটেড
Khadim's
রেজিস্টার্ড অফিস: 'কাঙ্কারিয়া এস্টেট', ষষ্ঠ তল, ৬, লিটল রাসেল স্ট্রিট, কলকাতা–৭০০ ০৭১, পশ্চিমবঙ্গ, ভারত
ওয়েবসাইট: www.khadims.com
ফোন: +৯১–৩৩–৪০০৯ ০৫০১; ফ্যাক্স: +৯১–৩৩–৪০০৯ ০৫০০
ই–মেল: compliance@khadims.com
CIN: L19129WB1981PLC034337
বিজ্ঞপ্তি
এতদ্দ্বারা এই বিজ্ঞপ্তি জারি করা হচ্ছে যে, সেবি (লিস্টিং অবলিগেশনস অ্যান্ড ডিসক্লোজার রিকোয়ারমেন্টস) রেগুলেশনস, ২০১৫–এর রেগুলেশন ৪৭ সহ পঠনীয় রেগুলেশন ২৯ এবং অন্যান্য প্রযোজ্য রেগুলেশন মোতাবেক **৩০ জুন, ২০২০** তারিখে শেষ হওয়া ত্রৈমাসিকে খাদিম ইন্ডিয়া লিমিটেড ('কোম্পানি')–এর অপরীক্ষিত একক ও পুঞ্জীভূত আর্থিক ফলাফল বিবেচনা ও অনুমোদনের জন্য কোম্পানির পরিচালকমণ্ডলীর সভা **শুক্রবার, ২৮ আগস্ট, ২০২০** তারিখে আয়োজিত হবে।
এই তথ্যগুলি **www.khadims.com, www.bseindia.com** এবং **www.nseindia.com** ওয়েবসাইটগুলিতেও উপলব্ধ রয়েছে।
খাদিম ইন্ডিয়া লিমিটেড–এর জন্য ও পক্ষে
স্বাঃ–
অভিজিৎ দাঁ
স্থান: কলকাতা
তারিখ: ১৮ আগস্ট, ২০২০
কোম্পানি সেক্রেটারি এবং হেড–লিগ্যাল

যূকো বৈংক UCO BANK
(A Govt. of India Undertaking)
সংশোধনী
ইউকো ব্যাঙ্ক, জোনাল অফিস সিউড়ি জোন এই পত্রিকায় ১৮.০৮.২০২০–তে প্রকাশিত দখল বিজ্ঞপ্তিতে প্রকাশিত শ্রী শিবপদ বারুই ও মিঃ সুনীল বারুই স্থানে পড়তে হবে শ্রী শিবপদ বাউরি ও মিঃ সুনীল বাউরি।

N.I.T. – SFDC/MD/NIT-09(e)/ 2020-21 (3rd Call)
SFDC Ltd. invites e-tender for Re-excavation work of Ponds at Henrys Island Fisheries Project (Sector-B), South 24 Pgs. For details please visit our website: **www.wbsfdcltd.com** or **https://wbtenders.gov.in**.
Last date of (online) Bid submission: **02.09.2020 upto 16.00 Hrs. and opening on 04.09.2020 at 16.30 Hrs.**

অ্যালবার্ট ডেভিড লিমিটেড
Kothari Group — Imagine Inspire Deliver
ALBERT DAVID — Adds life to life
CIN : L51109WB1938PLC009490
রেজি অফিস: ডি ব্লক, ৪র্থ তল, গিলেন্ডার হাউস, নেতাজী সুভাষ রোড, কলকাতা ৭০০০০১
ফোন: ০৩৩–২২৬২ ৮৪৩৬/৮৪৫৬/৮৪৯২, ২২৩০ ২৩৩০, ফ্যাক্স: ০৩৩–২২৬২ ৮৪৩৯
ই মেল : **adidavid@dataone.in** ওয়েবসাইট: **www.albertdavidindia.com**
বিজ্ঞপ্তি
এতদ্বারা বিজ্ঞপ্তি জারি হচ্ছে যে, সেবি (লিস্টিং অবলিগেশনস অ্যান্ড ডিসক্লোজার রিকোয়ারমেন্টস) রেগুলেশনস, ২০১৫ এর রেগুলেশন ৪৭ এর সঙ্গে পঠনীয় রেগুলেশন ২৯(১)(এ) অনুযায়ী ৩০ জুন, ২০২০ পর্যন্ত কোম্পানির প্রথম ত্রৈমাসিক এর অপরীক্ষিত আর্থিক ফলাফল সংক্ষিপ্ত মূল্যায়ন সাপেক্ষে বিবেচনা, অনুমোদন ও রেকর্ডভুক্ত করার জন্য কোম্পানির বোর্ড অফ ডিরেক্টরসের একটি সভা অনুষ্ঠিত হবে সোমবার, ২৪ আগস্ট ২০২০ তে।
এই বিজ্ঞপ্তি পাওয়া যাবে কোম্পানির ওয়েবসাইট **www.albertdavidindia.com** এবং স্টক এক্সচেঞ্জ ওয়েবসাইট **www.bseindia.com** ও **www.nseindia.com** এ।
অ্যালবার্ট ডেভিড লিমিটেড– এর পক্ষে
স্বাঃ/
চিরাগ এ. ভোরা
স্থান: মুম্বই
তারিখ: ১৭ আগস্ট, ২০২০
কোম্পানি সেক্রেটারি ও কমপ্লায়েন্স অফিসার

ফর্ম নং আইএনসি–২৬
[কোম্পানিজ (ইনকর্পোরেশন) রুলস, ২০১৪–এর রুল ৩০ অনুযায়ী]
কেন্দ্রীয় সরকার, রিজিওনাল ডিরেক্টর ইস্টার্ন রিজিয়ন, কর্পোরেট বিষয়ক মন্ত্রক, সমীপে কোম্পানি আইন, ২০১৩–এর ১৩ ধারার (৪) উপধারা অনুসারে, এবং কোম্পানিজ (ইনকর্পোরেশন) রুলস, ২০১৪–এর রুল ৩০–এর সাব রুল (৫) উপধারায় ক্লজ (এ) অনুসারে;
এবং
নিম্নোক্ত সম্পর্কে: **মেসার্স এইচ জি আই সিকিউরিটিজ লিমিটেড** রেজিস্টার্ড অফিস: ২ নং ব্র্যাবোর্ন রোড, ৬ষ্ঠ তল, কলকাতা–৭০০ ০০১, পশ্চিমবঙ্গ
...আবেদনকারী
এতদ্দ্বারা জনসাধারণের প্রতি বিজ্ঞপ্তি জারি করা হচ্ছে যে, **'পশ্চিমবঙ্গ রাজ্য' থেকে 'দিল্লির জাতীয় রাজধানী অঞ্চলে'** রেজিস্টার্ড অফিস স্থানান্তরের উদ্দেশ্যে ৩১ জুলাই, ২০২০ তারিখে অনুষ্ঠিত বিশেষ সাধারণ সভায় গৃহীত বিশেষ প্রস্তাব অনুযায়ী কোম্পানির সঙ্ঘস্মারকের রদবদলের অনুমোদন প্রার্থনা করে কোম্পানিজ অ্যাক্ট, ২০১৩–এর ১৩ ধারা অনুসারে কেন্দ্রীয় সরকার–এর কাছে সংশ্লিষ্ট কোম্পানি একটি আবেদন করার প্রস্তাব করেছে।
কোম্পানির রেজিস্টার্ড অফিসের প্রস্তাবিত পরিবর্তনের ফলে স্বার্থ ক্ষুণ্ণ হওয়ার সম্ভাবনা আছে এমন কোনও ব্যক্তি এই বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ থেকে ১৪ (চোদ্দো) দিনের মধ্যে এমসিএ–২১ পোর্টাল (www.mca.gov.in)–এ ইনভেস্টর কমপ্লেইন্ট ফর্ম পূরণ করে অথবা ডাকযোগে রিজিওনাল ডিরেক্টর, ইস্টার্ন রিজিয়ন, ২৩৪/৪, আচার্য জগদীশ চন্দ্র বোস রোড, নিজাম প্যালেস, II এমএসও বিল্ডিং, ৪র্থ তল, কলকাতা–৭০০ ০২০–এর কাছে তাঁর/তাঁদের (স্ত্রী/পুং) স্বার্থের ধরন এবং বিরোধিতার কারণ উল্লেখ করে একটি হলফনামা দ্বারা সমর্থিত আপত্তিসমূহ পাঠাতে পারেন, তৎসহ ওপরে বর্ণিত ঠিকানাতে অবস্থিত অফিসে, আবেদনকারী কোম্পানির কাছেও একটি কপি পাঠাতে পারেন।
আবেদনকারীর
এইচ জি আই সিকিউরিটিজ প্রাইভেট লিমিটেড–এর পক্ষে
স্বাঃ (রজত রাজগরহিয়া)
ডিরেক্টর
তারিখ: ১৯.০৮.২০২০
স্থান: কলকাতা
DIN: 00605181

ফর্ম নং আইএনসি–২৫ এ
পাবলিক কোম্পানি থেকে প্রাইভেট কোম্পানিতে পরিবর্তন উপলক্ষে সংবাদপত্রে বিজ্ঞাপন প্রকাশ
রিজিওনাল ডিরেক্টর, ইস্টার্ন রিজিয়ন, কর্পোরেট বিষয়ক মন্ত্রক কোম্পানি আইন ২০১৩, কোম্পানি আইন ২০১৩–এর ১৪ ধারা কোম্পানিজ (ইনকর্পোরেশন) রুলস, ২০১৪–এর রুল ৪১ অনুসারে
বিষয় **জেমবেল ট্রেড এন্টারপ্রাইজেস লিমিটেড** (CIN: L51226 WB1983 PLC035689) রেজিস্টার্ড অফিস: ১১৩ পার্ক স্ট্রিট, পোদ্দার পয়েন্ট কলকাতা–৭০০ ০১৬
...আবেদনকারী
এতদ্দ্বারা জনসাধারণের প্রতি বিজ্ঞপ্তি জারি করা হচ্ছে যে, পাবলিক কোম্পানি থেকে প্রাইভেট কোম্পানিতে বদলের উদ্দেশ্যে ৩১ জুলাই, ২০২০ তারিখে বিশেষ সাধারণ সভায় গৃহীত বিশেষ প্রস্তাব অনুযায়ী কোম্পানির সঙ্ঘস্মারকের রদবদলের অনুমোদন প্রার্থনা করে কোম্পানিজ অ্যাক্ট, ২০১৩–এর ১৪ ধারা অনুসারে কেন্দ্রীয় সরকার–এর কাছে সংশ্লিষ্ট কোম্পানি একটি আবেদন করার প্রস্তাব করেছে।
কোম্পানির রেজিস্টার্ড অফিসের প্রস্তাবিত স্ট্যাটাস পরিবর্তনের ফলে স্বার্থ ক্ষুণ্ণ হওয়ার সম্ভাবনা আছে এমন কোনও ব্যক্তি এই বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ থেকে ১৪ (চোদ্দো) দিনের মধ্যে রিজিওনাল ডিরেক্টর, ইস্টার্ন রিজিয়ন, ২৩৪, এ জে সি বোস রোড, নিজাম প্যালেস, II এমএসও বিল্ডিং, ৪র্থ তল, কলকাতা–৭০০ ০২০–এর কাছে তাঁর/তাঁদের (স্ত্রী/পুং) স্বার্থের ধরন এবং বিরোধিতার কারণ উল্লেখ করে একটি হলফনামা দ্বারা সমর্থিত আপত্তিসমূহ রেজিস্টার্ড ডাকযোগে পাঠাতে পারেন, তৎসহ নীচে বর্ণিত ঠিকানাতে অবস্থিত অফিসে আবেদনকারী কোম্পানির কাছেও একটি কপি পাঠাতে পারেন। যার ঠিকানা ১১৩ পার্ক স্ট্রিট, পোদ্দার পয়েন্ট কলকাতা–৭০০ ০১৬।
আবেদনকারী **জেমবেল ট্রেড এন্টারপ্রাইজেস লিমিটেড**–এর পক্ষে
স্বাঃ
শিবকুমার বিশ্বেশ্বর বাগরি
ডিরেক্টর
তারিখ: ১৭.০৮.২০২০
স্থান: কলকাতা
DIN: 00744032

এক্সপ্রো ইন্ডিয়া লিমিটেড
CIN : L25209WB1997PLC085972
রেজিস্টার্ড অফিস: বড়জোড়া মেজিয়া রোড, পো. ঘুটগড়িয়া তহশিল– বড়জোড়া, জেলা– বাঁকুড়া, পশ্চিমবঙ্গ– ৭২২২০২
টেলি : ৯১–৯৭৭৫৩০১৭০১, **ই মেল :** cosec@xproindia.com **ওয়েবসাইট:** www.xproindia.com
২৩তম এজিএম বিজ্ঞপ্তিতে বর্ণনা অনুযায়ী, এতদ্দ্বারা বিজ্ঞপ্তি প্রদান করা যাচ্ছে যে কোম্পানির সদস্যগণের তেইশতম বার্ষিক সাধারন সভা ভিডিও কনফারেন্সিং (ভিসি)/অন্যান্য অডিও ভিস্যুয়াল মাধ্যমে (ওএভিএম) ২৯ সেপ্টেম্বর, ২০২০ মঙ্গলবার সকাল ১০.৩০টায় (ভারতীয় সময়) অনুষ্ঠিত হবে।
কোম্পানিজ অ্যাক্ট ২০১৩–এর ৯১ ধারানুযায়ী এও বিজ্ঞাপিত হচ্ছে যে, ২৩তম এজিএম উপলক্ষে কোম্পানির সদস্যদের রেজিস্টার ও শেয়ার হস্তান্তর বই ২২ সেপ্টেম্বর, ২০২০ থেকে ২৯ সেপ্টেম্বর, ২০২০ (উভয় দিন সমেত) বন্ধ থাকবে।
রেগুলেটরি প্রয়োজন অনুযায়ী যে সকল সদস্যের ই–মেল আইডি কোম্পানি/ডিপোজিটরি পার্টিসিপেন্টর–এর কাছে নথিভুক্ত আছে তাঁদের বৈদ্যুতিন মাধ্যমে ২৩তম এজিএম আহ্বায়ক বিজ্ঞপ্তি এবং ২০১৯–২০ সালের বার্ষিক প্রতিবেদন প্রেরণ করা হয়েছে। অনুমোদিত পদ্ধতিতে নোটিস পাঠানোর কাজ ১৪ আগস্ট, ২০২০–তে শেষ হয়েছে। ২০১৯–২০ সালের বার্ষিক প্রতিবেদন এবং ২৩তম এজিএম বিজ্ঞপ্তি কোম্পানির ওয়েবসাইট www.xproindia.com এবং স্টক এক্সচেঞ্জ সমূহের ওয়েবসাইট www.nseindia.com এবং www.bseindia.com এবং সিডিএসএল–এর ওয়েবসাইট www.evotingindia.com-তে পাওয়া যাবে।
বিজ্ঞপ্তিতে বর্ণিত বিষয়সমূহের ওপর ভোট প্রদানের জন্য কোম্পানি সেন্ট্রাল ডিপোজিটরি সার্ভিসেস (ইন্ডিয়া) লিমিটেড (সিডিএসএল)–কে নিযুক্ত করেছে যার দ্বারা সদস্যগণ বৈদ্যুতিন মাধ্যমে রিমোট ই–ভোটিং পদ্ধতিতে ভোট প্রদান করতে পারেন (এজিএম পূর্ব সময়ে ভোট প্রদানের জন্য) এবং এজিএম চলাকালীন সময়েও ই–ভোটিং করতে পারেন। রিমোট ই–ভোটিং সময় আরম্ভ হবে ২৬ সেপ্টেম্বর, ২০২০ (সকাল ৯টায়) এবং শেষ হবে ২৮ সেপ্টেম্বর ২০২০ (বিকেল ৫টায়)। তদপরবর্তী সময়ে ডিপোজিটরি দ্বারা ভোটিং পোর্টাল নিষ্ক্রিয় করা হবে এবং ভোট প্রদান করা যাবে না। প্রশ্নের জন্য আপনাদের ফ্রিকোয়েন্টলি আস্কড কোশ্চেনস (এফএকিউ) এবং সদস্যদের জন্য ই–ভোটিং ম্যানুয়াল দেখতে বলা হচ্ছে, যা পাওয়া যাবে https://www.evotingindia.com-তে বা যোগাযোগ করুন শ্রী রাকেশ দালভি, ম্যানেজার, সেন্ট্রাল ডিপোজিটরি সার্ভিসেস (ইন্ডিয়া) লিমিটেড, এ উইং, ২৬তম তল, ম্যারাথন ফিউচারেক্স, এন এম যোশি মার্গ, সোয়ার প্যারেল (পূর্ব) মুম্বই– ৪০০০১৩ যার জন্য ই–মেল প্রেরণ করতে হবে helpdesk.evoting@cdslindia.com-তে বা সিডিএসএল হেল্পডেস্ক নিঃশুল্ক নম্বর ১৮০০–২০০–৫৫৩৩–তে যোগাযোগ করুন। রিমোট ই–ভোটিং মাধ্যমে ভোট প্রদানের পরবর্তী সময়ে সদস্যগণ (ভিসি/ওএভিএম) মাধ্যমে এজিএম–তে অংশগ্রহণ করতে পারেন কিন্তু সভায় পুনরায় ভোট প্রদান করতে পারবেন না।
একজন সদস্য যিনি ভিসি/ওএভিএম মাধ্যমে এজিএম–তে উপস্থিত থাকবেন এবং ই–ভোটিং মাধ্যমে প্রস্তাবনার ওপর ভোট প্রদান করেননি এবং অন্যথায় ভোট প্রদানের আধিকারী, তিনি এজিএম চলাকালীন সময়ে ই–ভোটিং মাধ্যমে ভোট প্রদান করতে পারবেন।
রিমোট ই–ভোটিং পদ্ধতির বিশদ, এজিএম চলাকালীন সময়ে ই–ভোটিং এবং ভিসি/ওএভিএম মাধ্যমে এজিএম–তে উপস্থিতি সম্পর্কিত বিশদ ২৩তম এজিএম বিজ্ঞপ্তিতে বিবৃত।
কাট অফ তারিখ ২২ সেপ্টেম্বর, ২০২০ সময়ে যে সকল সদস্যের নাম কোম্পানির খাতায় রয়েছে বা আরটিএ নিয়ন্ত্রিত খাতায় লাভজনক মালিক হিসেবে রয়েছে কেবলমাত্র তাঁরাই রিমোট ই–ভোটিং সুবিধা/এজিএম চলাকালীন ই–ভোটিং সুবিধা গ্রহণ করতে পারবেন।
এজিএম বিজ্ঞপ্তি প্রেরণের পরবর্তী সময়ে যদি কেউ কোম্পানির সদস্যপদ গ্রহণ করে থাকেন এবং কাট অফ তারিখে শেয়ার ধরে রাখেন, সেক্ষেত্রে তিনি সিডিএসএল প্ল্যাটফর্ম ব্যবহার করে বৈদ্যুতিন মাধ্যমে ভোট প্রদান করতে পারবেন এবং যদি কেউ সিডিএসএল–তে পূর্বেই নথিভুক্ত হয়ে থাকেন, তাহলে তিনি তাঁর বর্তমান ইউজার আইডি, পাসওয়ার্ড ব্যবহার করে বৈদ্যুতিন মাধ্যমে ভোট প্রদান করতে পারেন বা যোগাযোগ করতে পারেন উপরিউক্ত সিডিএসএল নিঃশুল্ক নম্বরে বা মেল করতে পারেন helpdesk.evoting@cdslindia.com-তে।
বোর্ডের আদেশানুসারে
অমিত ধানুকা
কোম্পানি সেক্রেটারি
স্থান: কলকাতা
তারিখ: ১৭ আগস্ট, ২০২০

SREI
শ্রেয়ী ইনফ্রাস্ট্রাকচার ফিনান্স লিমিটেড
CIN: L29219WB1985PLC055352
রেজিস্ট্রার্ড অফিস: 'বিশ্বকর্মা', ৮৬সি, তপসিয়া রোড (দক্ষিণ) কলকাতা–৭০০০৪৬
টেলি নং: ০৩৩–৬১৬০৭৭৩৪, ফ্যাক্স নং: ০৩৩–২২৮৫৭৫৪২/৮৫০১
ওয়েবসাইট:www.srei.com ইমেল: investor.relations@srei.com
৩৫তম বার্ষিক সাধারণ সভা সম্পর্কিত তথ্য
এতদ্বারা বিজ্ঞপ্তি প্রদান করা যাচ্ছে যে দি কোম্পানিজ অ্যাক্ট ২০১৩ ('দি অ্যাক্ট') এর প্রযোজ্য ধারা অনুযায়ী সঙ্গে পঠিতব্য সেবি (লিস্টিং অবলিগেশনস অ্যান্ড ডিসক্লোজার রিকোয়ারমেন্টস) রেগুলেশনস ২০১৫ (সেবি লিস্টিং রেগুলেশনস ২০১৫) এবং কর্পোরেট বিষয়ক মন্ত্রক দ্বারা জারিকৃত প্রযোজ্য সার্কুলার সমুহ অনুযায়ী, এজিএম আহ্বায়ক বিজ্ঞপ্তিতে বিষয়সমূহ আলোচনার জন্য কোম্পানির সদস্যগণের ৩৫তম (পঁয়ত্রিশ) বার্ষিক সাধারণ সভা (এজিএম) শনিবার ১৯ সেপ্টেম্বর ২০২০ সকাল ১১.০০ টায় (ভারতীয় সময়) ভিডিও কনফারেন্সিং (ভিসি) বা অন্যান্য অডিও ভিসুয়াল মাধ্যমে (ওএভিএম) অনুষ্ঠিত হবে। দি অ্যাক্টের সেকশন ১০৩ অনুযায়ী সদস্যগণের ভিসি/ওএজিএম–তে প্রক্সির নিয়োগ সুবিধা নেই।
সদস্যগণ খেয়াল রাখবেন:
ক) প্রযোজ্য রেগুলেটরি প্রয়োজন অনুযায়ী, এজিএম বিজ্ঞপ্তির বৈদ্যুতিন কপি, বৈদ্যুতিন মাধ্যমে ভোট প্রদানের পদ্ধতি এবং আর্থিক বর্ষ সমাপ্ত ২০১৯–২০ সময়ের বার্ষিক প্রতিবেদন সে সকল সদস্যগণের কাছে প্রেরণ করা হবে যাদের ইমেল ঠিকানা কোম্পানি এবং/বা কোম্পানির রেজিস্টার অ্যান্ড শেয়ার ট্রান্সফার এজেন্ট (আরটিএ) এবং/বা ডিপোজিটরিগণের কাছে নথিভুক্ত রয়েছে। বার্ষিক প্রতিবেদন সহ এজিএম বিজ্ঞপ্তি কোম্পানির ওয়েবসাইট:www.srei.com এবং আরটিএ কেফিন টেকনোলজিস প্রাইভেট লিমিটেড (কেফিন টেক) এর ওয়েবসাইট www.nseindia.com এবং www.bseindia.com-তেও পাওয়া যাবে।
খ) দি কোম্পানিজ অ্যাক্ট ২০১৩ সেকশন ১০৮ সঙ্গে পঠিতব্য কোম্পানিজ (ম্যানেজমেন্ট অ্যান্ড অ্যাডমিনিস্ট্রেশন) রুলস ২০১৪, রুল ২০ এবং সেবি লিস্টিং রেগুলেশনস ২০১৫ রেগুলেশন ৪৪ অনুযায়ী সদস্যগণ, রিমোট ই–ভোটিং মাধ্যমে এজিএম বিজ্ঞপ্তি বর্ণিত বিষয়সমূহের উপর ভোট প্রদানের সুবিধা পাবেন। এজিএম চলাকালীন সময়ে বৈদ্যুতিন মাধ্যমে (ইনস্টা পোল) ভোট প্রদানের সুবিধা পাওয়া যাবে যা কেফিন টেক মাধ্যমে গৃহীত। ভিসি/ওএভিএম মাধ্যমে এজিএমতে যোগদান এবং ই–ভোটিং মাধ্যমে ভোট প্রদানের পদ্ধতি এজিএম বিজ্ঞপ্তিতে পাওয়া যাবে। যে সকল সদস্য ভিসি/ওএভিএম মাধ্যমে এজিএমতে উপস্থিত থাকবেন এবং যাঁরা রিমোট ই–ভোটিং মাধ্যমে ভোট প্রদান করেননি তাঁরা এজিএমতে ভোটাধিকার প্রয়োগ করতে পারবেন। ই–ভোটিং মাধ্যমে ভোট প্রদানের জন্য লগইন বিষয়ক তথ্য সদস্যদের ই–মেল মাধ্যমে জানানো হবে। সদস্যগণ যাঁরা ইমেল গ্রহণ করবেন না বা যাঁদের ইমেল ঠিকানা কোম্পানি/কেফিনটেক/ডিপোজিটরিজ (সহ সদস্যগণ যাঁরা ফিজিক্যাল আকারে শেয়ার ধরে রেখেছেন)–এর কাছে নথিভুক্ত নেই তাঁরা এজিএম বিজ্ঞপ্তির দ্রষ্টব্য অনুসরণ করে লগইন বিষয়ক তথ্য পেতে পারেন।
গ) ফিজিক্যাল আকারে শেয়ার ধরে রাখা সদস্যগণ যাঁদের ইমেল আইডি নথিভুক্ত/আপডেট নেই তাঁরা কোম্পানির ইমেল আইডি investor.relations@srei.com এবং/বা কেফিন টেক–এর ইমেল আইডি einward.ris@kfintech.com–তে তাদের ফোলিও নম্বর এবং ইমেল আইডি ইল্লেখ করে স্বাক্ষরিত অনুরোধপত্র জমা করবেন। ডিমেটিরিয়ালাইজড আকারে শেয়ার ধরে রাখা সদস্যগণকে, তাদের ডিম্যাট খাতা যে সকল ডিপোজিটরি পার্টিসিপেন্ট (গণ)–এর কাছে রয়েছে, তাদের ইমেল আইডি নথিভুক্ত/আপডেট করাতে অনুরোধ করা হচ্ছে।
ই–ভোটিং সংক্রান্ত প্রশ্ন এবং/বা অভিযোগ থাকলে সদস্যগণকে ফ্রিকোয়েন্টলি আস্কড কোশ্চেনস (এফএকিউ) এবং ই ভোটিং ইউজার ম্যানুয়াল দেখতে বলা হচ্ছে যা পাওয়া যাবে https:/evoting.karvy.com(কেফিনটেক–এর ওয়েবসাইট)তে ডাউনলোড বিভাগে বা যোগাযোগ করুন কেফিন টেক einward.ris@ckfintech.com তে বা ফোন করুন ০৪০–৬৭১৬২২২২ বা অন্যান্য বিশদকরণের জন্য কোফিন টেক এর নিঃশুল্ক নম্বর ১৮০০–৩৪৫৪–০০১ তে যোগাযোগ করুন।
শ্রেয়ী ইনফ্রাস্ট্রাকচার ফিনান্স লিমিটেডের পক্ষে
স্বাঃ/–
সন্দীপ লাখোটিয়া
কোম্পানি সেক্রেটারি
FCS No 7671
কলকাতা
১৮ আগস্ট ২০২০

যূকো বৈংক UCO BANK
(A Govt. of India Undertaking)
অঞ্চল অফিস: হুগলি
২১, নিউ জি টি রোড, উত্তরপাড়া,জেলা– হুগলি– ৭১২২৫৮
ফোন: (০৩৩) ২৬৬৪ ০৩৫৭
পরিশিষ্ট–IV, [রুল ৮(১)]
দখল বিজ্ঞপ্তি
(স্থাবর সম্পত্তির জন্য)
যেহেতু, ইউকো ব্যাঙ্ক–এর অনুমোদিত অফিসার হিসেবে নিম্নস্বাক্ষরকারী, সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২ মোতাবেক এবং সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–এর রুল ৩–এর সঙ্গে পঠনীয় উক্ত অ্যাক্টের ১৩(১২) ধারাধীনে তাঁর ওপর অর্পিত ক্ষমতাবলে নিম্নবর্ণিত দেনদার/জামিনদার–এর প্রতি নিম্নবর্ণিত তারিখ সংবলিত দাবি বিজ্ঞপ্তি ইস্যু করেছিলেন যাতে উক্ত বিজ্ঞপ্তির তারিখ থেকে ৬০ দিনের মধ্যে সংশ্লিষ্ট বিজ্ঞপ্তিতে উল্লিখিত পরিমাণ অর্থাঙ্ক আদায় দেওয়ার জন্য তাঁদের আহ্বান জানানো হয়েছিল।
উক্ত দেনদার/জামিনদারগণ ওই পরিমাণ অর্থাঙ্ক আদায় দিতে ব্যর্থ হওয়ায় এতদ্বারা বিশেষ করে ওই দেনদার/জামিনদার এবং জনসাধারণের জ্ঞাতার্থে জানানো হচ্ছে যে, নিম্নস্বাক্ষরকারী উক্ত রুলসমূহের রুল ৮–এর সঙ্গে পঠনীয় উক্ত অ্যাক্টের ১৩(৪) ধারাধীনে তাঁর ওপর অর্পিত ক্ষমতাবলে নিম্নবর্ণিত তারিখে নিম্নে বর্ণিত সম্পত্তির প্রতীকী দখল নিয়েছেন।
বিশেষ করে ওই দেনদার/জামিনদার এবং জনসাধারণকে এতদ্বারা নিম্নোক্ত সম্পত্তি নিয়ে লেনদেন না করার জন্য সতর্ক করা হচ্ছে এবং এর পরেও এই সম্পত্তি নিয়ে যে কোনও লেনদেন করা হলে তা উক্ত বিজ্ঞপ্তিতে উল্লিখিত বকেয়া ও তার ওপর সুদ, মাশুল, আকস্মিক খরচাপাতি ইত্যাদি সমেত ইউকো ব্যাঙ্ক–এর চার্জ সাপেক্ষ হবে।

ঋণগ্রহীতা/জামিনদারের নাম	সম্পত্তির বিবরণ	১. দাবি বিজ্ঞপ্তির তারিখ ২. দখলের তারিখ ৩. বকেয়া (টাকায়)
ঋণগ্রহীতা: শেখ রাজা আহমেদ, পিতা শেখ আহাম্মদ আলি **শাখা: আরামবাগ**	০.০৯ একর জমির সকল অংশ অবস্থিত মৌজা– ডিহিবাগনান, জে এল নং– ১৪৯, প্লট নং ১০৮৯, খতিয়ান নং– ১৬৫৮/২, থানা– আরামবাগ, জেলা– হুগলি, ডিড নং আই১২০৬, সাল ২০০৬, বুক নং– ১, ভলুম নং ২৫, পৃষ্ঠা নং ১৯১ থেকে ১৯৮ সাল ২০০৭, সম্পত্তি নামাঙ্কিত– শেখ রাজা আহমেদ	১. ২৭/০১/২০১৫ ২. ১৭/০৮/২০২০ ৩. টাঃ ৭৪১৪৬৯/– + সুদ ও অন্যান্য খরচ
ঋণগ্রহীতা: মেসার্স সিদ্ধেশ্বরী ফার্মাসি (স্বত্বাধিকারী: শ্রী বিমল ঘোষ) শাখা: আরামবাগ	৪ ডেসিমেল (২.৪২ কাঠা) জমির সকল অংশ সহ বাসযোগ্য ভবন অবস্থিত প্লট নং– আরএস এবং এলআর ৮৬৭, এল আর খতিয়ান নং– ১১২৫, মৌজা– হাতি, জে এল নং ৩৩, অন্তর্গত শ্রীরামপুর জিপি, থানা– পুরশুড়া, জেলা– হুগলি, নামাঙ্কিত– শ্রী বিমল ঘোষ রেজিস্টার্ড টাইটেল ডিড নং– ১৭৭৮, বুক নং– ১, ভলুম নং ৩৭, পৃষ্ঠা ২৭ থেকে ৩৬, সাল ২০০৬	১. ১৫/০১/২০১৩ ২. ১৭/০৮/২০২০ ৩. টাঃ ১৭৮৭১৯৫.২০/– + সুদ ও অন্যান্য খরচ

তারিখ: ১৯.০৮.২০২০, স্থান: আরামবাগ
অনুমোদিত আধিকারিক, ইউকো ব্যাঙ্ক, আরামবাগ শাখা